দর্শনা পুলিশের পৃথক পৃথক অভিযানে ইয়াবা ও ফেনসিডিলসহ ৩ জন গ্রেফতার

দর্শনা পুলিশ দিনভর মাদক বিরোধী অভিযান চালিয়ে ইয়াবা ও ফেনসিডিলসহ ৩ জন কে গ্রেফতার করেছে।

পুলিশ জানায় গত মঙ্গলবার দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সুকুমার বিশ্বাসের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা বিভিন্ন জায়গায়।

এ সময় দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রর ইন্সপেক্টর শেখ মাহবুবুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দর্শনা ফুড গোডাউনের রাস্তার উপর।

এ সময় পুলিশ কুষ্টিয়া সদর থানার চৌড়হাঁস পাড়ার শহিদুল ইসলামের ছেলে মেহরাব হসান ওরফেুমাহমুদুল হাসান(২২) কে ১০ বোতল ফেনসিডিল সহ তাকে গ্রেফতার করে।

অপরদিকে দর্শনা পৌরসভার পাঠান পাড়ায় মাদক বিরোধী অভিযান চালিয়ে আব্দুল কুদ্দুসের ছেলে ইয়াবা ব্যাবসায়ী মুন্না(২৭) কে ১৮ পিচ ইয়াবাসহ তাকে গ্রেফতার করে।

পরে দর্শনা পৌরসভার দক্ষিণ চাঁদপুরে এস আই জাকির হোসেন ও এ এস আই মারুফুঅভিযান চালিয়ে ওয়ারেন্ট ভুক্ত আসামী আয়নাল হকের ছেলে হাসান তারেক (২৬) কে দর্শনা আজমপুর থেকে গ্রেফতার করেছে। গতকালই তাদের বিরুদ্ধে পুলিশ বাদি হয়ে মাদক আইনে মামলা সহ, আদালতে সোপর্দ করেছে।

- দর্শনা প্রতিনিধি

কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন গতকাল বুধবার বিকাল ৩ ঘটিকার সময় কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চত্তরে অনুষ্ঠিত হয়।
কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল হোসেন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ০১ আসনের মাননীয় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ- সভাপতি ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।
বিশেষ অতিথি হিসাবে আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি রহমতুল্লাহ, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু, অনুষ্ঠানে উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক জেলা পরিষদ প্রশাসক মাহফুজ্রু রহমান মঞ্জু। এসময় আরো উপস্থিত ছিলেন দর্শনা পৌর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাংগঠনিক সিরাজুল ইসলাম, যুগ্ম সম্পাদক পারকৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম, গোলাম ফারিক আরিফ। কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগ ডা. ফজলুল হক, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন বিপু, সাধারণ সম্পাদক কামরুজ্জামান রিপন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, যুগ্ম সম্পাদক শরীফ রতন, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মেহেদী হাসান মিলন, জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি রুবাইত বিন আজাদ সুস্থির, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাজেদুল বিশ্বাস মিঠু, কুড়ুলগাছি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি রমজান, সাধারণ সম্পাদক ফারুক, সাংগঠনিক সম্পাদক আশরাফুল, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, সহ-

সভাপতি তুহিন, সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, ফরহাদ হোসেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওসমান গনি।
পরে সভায় সর্বসম্মতি ক্রমে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাবিবুল্লাহ বাহারকে সভাপতি ও কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সরোয়ার হোসেন কে সাধারণ সম্পাদক করে নাম ঘোষণা করা হয়।

-কার্পাসডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় তৃতীয় দিনের মত বাস ও ট্রাক চলাচল বন্ধ

সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে মেহেরপুর ও চুয়াডাঙ্গাতে তৃতীয় দিনের মতো যাত্রীবাহী বাস চলাচল বন্ধ রয়েছে। পূর্ব ঘোষণা ছাড়াই সোমবার (১৮ নভেম্বর) দুপুর থেকে অনির্দিষ্টকালের জন্য বাস চলাচল বন্ধ করে দেন তারা। তৃতীয় দিনে এর সাথে যুক্ত হয়েছে ট্রাক ও কাভার্ডভ্যান। ফলে চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ ও দূরপাল্লার যাত্রীরা।
শ্রমিকরা জানায়, নতুন সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে যশোর, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গার পরিবহন শ্রমিকরা সকাল থেকে স্বেচ্ছায় বাস চলাচল বন্ধ করে দেন। এতে সকাল থেকে অসংখ্য যাত্রী টার্মিনাল, বাসস্ট্যান্ড ও কাউন্টার গুলোতে এসে দীর্ঘ সময় অপেক্ষা করে ফিরে যাচ্ছেন।
চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এম. জেনারেল ইসলাম বলেন, ‘শ্রমিকরা কাউকে ইচ্ছা করে হত্যা করে না। অনিচ্ছাকৃত দুর্ঘটনার জন্য নতুন সড়ক আইনে তাদের ঘাতক বলা হচ্ছে। নতুন আইনের অনেক ধারার ব্যাপারে শ্রমিকদের আপত্তি রয়েছে, সেগুলো বিবেচনায় নিয়ে সংশোধন করতে হবে।’

তিনি আরও জানান, সরকার সমাধানের কোনো উদ্যোগ না নেওয়ায় তারা আন্দোলনে নামতে বাধ্য হয়েছে।
সড়কে মোটরসাইকেল চলাচলের সংখ্যাও কমে গেছে। তবে প্রাইভেটকার, মাইক্রোবাস, ইজিবাইক, নসিমন-করিমন ছাড়াও ছোট যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে।
– চুয়াডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে বেশি দামে লবণ বিক্রির দায়ে ৩ ব্যবসায়ীকে জরিমানা

গুজবে হঠাৎ করেই অতিরিক্ত দামে জীবননগরে লবণ বিক্রি করায় ৩ ব্যবসায়ীকে ভোক্তা অধিকার আইনে জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।গতকাল মঙ্গলবার বিকালে জীবননগর শহরের দুই মুদি দোকানদারকে এই জরিমানা করা হয়।

এ সময় দোকানগুলোতে লবণ কেনার জন্য ক্রেতাদের দীর্ঘলাইন দেখা যায়। ব্যবসায়ীরা খোলা লবণ প্রতি কেজি ৪০-৬০টাকা,পেকেট লবণ ৫০-১০০টাকা পর্যন্ত বিক্রি করে ।

জীবননগর বাজারের-মেসার্স ফিরোজ স্টোরের মালিক আশরাফ আলীকে ১০হাজার টাকা,মেসার্স রফিকুল স্টোরের মালিক মেহেদী হাসানকে ১০হাজার টাকা এবং তৌফিক স্টোরের মালিক রায়হান নবীকে ৫হাজার টাকা জরিমানা করা হয়।

জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ সিরাজুল ইসলাম ও জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম ঘটনাস্থলে উপস্থিত হয়ে লবনের দাম বৃদ্ধির সত্যতা পেয়ে ৩ ব্যবসায়ীকে জরিমানা করেন।

- জীবননগর প্রতিনিধি

দর্শনায় লবনের দাম বৃদ্ধি নিয়ে গুজব

দামুড়হুদা ইউএনও তড়িৎ পদক্ষেপ দর্শনাপ্রতিবেদকঃ চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় বিভিন্ন খুচরা ও পাইকারি বাজারে মঙ্গলবার সন্ধ্যায় লবণের দাম বৃদ্ধি পেয়েছে এমন ‘গুজব’ ছড়িয়ে পড়লে দর্শনার বিভিন্ন স্থানে অভিযান চালানো হয়েছে।

দামুড়হুদা থানার তদন্ত ওসি মো. জাহাঙ্গীর আলমের সাথে নিয়ে বিভিন্ন খুচরা ও পাইকারি বাজারে গিয়ে অধিক মূল্যে লবণ বিক্রি না করার জন্য ব্যবসায়ীদের সতর্ক করেন দামুড়হুদা ইউএনও।

জানা গেছে,দামুড়হুদা উপজেলার দর্শনায় পিঁয়াজের দর একটু নিয়ন্ত্রণে আসতে না আসতেই লবণের দাম নিয়ে চলছে ব্যবসায়ীদের তেলেসমাতি। লবণের দাম বেড়েছে খবর শুনে বিভিন্ন দোকানে ক্রেতারা সর্বনিম্ন ৫ কেজি থেকে সর্বোচ্চ ২০ কেজি করে লবণ ক্রয় করছেন।

এরই প্রেক্ষিতে দর্শনা রেলবাজার দোকান মালিক সমতির পক্ষ থেকে বাজারে মাইকিং করে লবণের দাম বৃদ্ধির বিষয়টি ‘গুজব’ বলে জনগণকে সচেতন করছে।

এর পরেও দর্শনা রেলবাজার সহ বাসস্ট্যান্ডে কিছু দোকানে অধিক মূল্যে লবণ বিক্রি হচ্ছে অভিযোগের প্রেক্ষিতে দামুড়হুদা ইউএনও এস এম মুনিম লিংকন তড়িৎ গতিতে দর্শনা বাজার পরিদর্শন।

করেন এবং ব্যবসায়ীকে অতিরিক্ত লবণ বিক্রি করতে সতর্ক ও জনগণকে লবণের দাম বাড়বে না বলে সান্ত্বনা দেন।যদি কেউ এমন গুজব ছড়ানোর অপচেষ্টা করে, তবে তাকে আইনের আওতায় আনা হবে।

তিনি আরও বলেন, ‘এ ধরণের গুজব বন্ধে প্রশাসন, সাংবাদিক ও সুশীলসমাজের লোকজনকে এগিয়ে আসতে হবে।

- দর্শনা প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

হরিনাকুন্ডু প্রতিনিধি:

‘ ‘আমরা আছি আমাদের নীড়ে, উদ্ভাসিত আলোয় হবো, হারাতে চাইনা অচেনা ভীড়ে” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুনন্পু শিল্পী আবিদ সৃতি প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষর্থীদের মাঝে স্কুল ড্রেস বিতারণ অনুষ্ঠান পালিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিতি হিসাবে উপস্থিত ছিলেন,অধ্যক্ষ জনাব আতিয়ার রহমান, সরকারী লালণ শাহ কলেজ হরিণাকুন্ডু বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,ফায়ার সার্ভিস স্টেশন অফিসার জনাব বিপুল হোসেন, অধ্যক্ষ শরিফুল ইসলাম,ফারুক হোসেন,ম্যানেজার জনতা ব্যাংক ভবানীপুর শাখা,প্রেস ক্লাব সহ-সভাপ্রতি ও আনন্দ টিভি প্রতিনিধি জাফিরুল ইসলাম,মাহবুব মৌশেদ শাহিন, অনলাইন নিউজ পোর্টাল অন্যদৃষ্টি বার্তা সম্পাদক এম. শহিদুল ইসলাম টুকু মাহবুবুর রহমান প্রেস ক্লাবের প্রচার বিষয় সম্পাদক সোহরাব হোসেন
অনুষ্ঠানটি জনাব বিশ্বনাথ সাধুখার পরিচালনায় সভাপত্বিত করেন,এ্যাডঃ খোদাবক্স মৃধা।

আলোচনা সভায় প্রতিষ্ঠান প্রধান ও বক্তরা সমাজের দানশীল সহৃদয়বান ব্যাক্তিদের মাঝে সহযোগিতা বাড়ানোর ব্যাপারে এবং প্রতিবন্ধী শিশুদের ব্যাপারে অধিক গুরুত্ব সহকারে খেয়াল রাখতে বলেন।

চুয়াডাঙ্গায় দ্বিতীয় দিনের মতো বাস মিনিবাস ও দূরপাল্লার যানবাহন চলাচল বন্ধ
চুয়াডাঙ্গা প্রতিনিধি ;

চুয়াডাঙ্গা জেলায় দ্বিতীয় দিনের অঘোষিতভাবে বাস মিনিবাস ও দূরপাল্লার যাত্রীবাহী যানবাহন চলাচল বন্ধ হয়ে রয়েছে। কোনো ঘোষণা ছাড়াই শ্রমিকরা সোমবার এসব যানবাহন চলাচল বন্ধ করে দেয়। এতে দূর্ভোগে পড়তে হচ্ছে যাত্রীদের। মঙ্গলবারও বাস মিনিবাস ও দূরপাল্লার যাত্রীবাহী যানবাহন চলাচল করতে দেখা যায়নি।

চুয়াডাঙ্গা জেলা বাস ট্রাক সড়ক পরিবহণ শ্রমিক ইউনিয়নের সভাপতি এম জেনালের ইসলাম জানান, সংগঠন থেকে কোনো ঘোষণা নেই। পাশের জেলাগুলোতে বাস চলাচল বন্ধ হয়ে যাওয়ার পর চুয়াডাঙ্গার শ্রমিকরাও কর্মবিরতি শুরু করেছে।

চুয়াডাঙ্গার দৌলাতদিয়াড় গ্রামের বাস শ্রমিক ইকবাল হোসেন বলেন,

নতুন পরিবহন আইন শ্রমিকদের জন্য অনেক কঠিন। আইনের বিষয়ে শ্রমিকদের সাথে আলোচনা করে চুড়ান্ত সিদ্ধান্ত নিতে হবে। নতুন আইনের শ্রমিকদের অসুবিধার জন্যই আমরা যানবাহন চলানো বন্ধ রেখেছি।

- জামান আখতার, চুয়াডাঙ্গা

জীবননগর প্রেস ক্লাবের সভাপতির রুহের মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠিত

জীবননগর প্রেস ক্লাবের প্রয়াত সভাপতি প্রবীণ সাংবাদিক আনোয়ারুল কবিরের রুহের মাগফিলাত কামনায় দোয়া মাহপিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার ি◌িবকাল সাড়ে ৪টার সময় প্রয়াত সভাপিত আনোয়ারুল কবিরের পরিবারের পক্ষ থেকে নিজ গ্রাম ধোপাখালী মাঠপাড়া মসজিদে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম,জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম,ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,সাংবাদিক জাহিদ বাবু,রায়হান উদ্দিন,জহিরুল ইসলাম,মিঠুন মাহমুদসহ গ্রামবাসী উপস্থিত ছিলেন ।

- জীবননগর প্রতিনিধি

আলমডাঙ্গার হারদী ইউনিয়ন আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলন

আলমডাঙ্গার হারদী ইউনিয়ন আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার ১০ টার হারদী কৃষিক্লাব মাঠে সম্মেলনের আয়োজন করা হয়।

হারদী ইউনিয়ন আ.লীগের ভারপ্রাপ্ত সভাপতি মুক্তিযোদ্ধা আ: সামাদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সভাপতি মাননীয় সংসদ সদস্য সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজ দেশ অনেক উন্নত। বন্ধবন্ধু বেঁচে থাকলে দেশ অনেক আগেই উন্নত দেশে পরিনত হত। বঙ্গবন্ধুর রেখে যাওয়া কাজ তাঁর মেয়ে শেখ হাসিনা করে যাচ্ছে। প্রতিটি দপ্তরে তার সু-নজর রয়েছে।

আজ কৃষি ক্ষেত্রে দেশ অনেক দুর এগিয়ে গেছে। রাস্তা, শিক্ষা প্রতিষ্ঠানের দিকে তাকালে বোঝা যায় দেশের উন্নয় কেমন হয়েছে। এটা বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল। তার স্বপ্ন বুকে ধারণ করে এগিয়ে যেতে হবে আমাদের। তাঁর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাবার স¦প্ন বাস্তবায়ন করতে নির্লোসভাবে কাজ করে যাচ্ছে। আমাদের সবাইকে তার হাতকে শক্তিশালী করতে ঐক্যবদ্ধ হতে হবে।

ত্রি-বার্ষিক সম্মেলনের উদ্বোধেক উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও পৌরমেয়র হাসান কাদির গনু সবার সম্মতিক্রমে আশিকুরজ্জামান (ওল্টুকে) সভাপতি ও শহিদুল আইনাল হককে সাধারণ সম্পাদক হিসেবে নাম ঘোষণা করেন।

এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি খুস্তার জামিল, যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমঙ্গীর হান্নান, মাসুদ উস জামান লিঠু, বন ও পরিবেশ বিষায়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, উপজেলা আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, সাংগঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুণ, সহদপ্তর সম্পাদক মাসুদ রানা

তুহিন, বিআরডিবির চেয়ারম্যান মহিদুল ইসলাম মুহিত, আব্দুর রব শিলু, পৌর আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, উপজেলা যুবলীগের আহ্বায়ক আহসান উল্লাহ, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় ট্রাকের নিচে পড়ে ভাটা মালিক নিহত

আলমডাঙ্গায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় হাসান আলী নামের ইট ভাটা মালিক নিহত হয়েছেন।
গতকাল সন্ধ্যা ৬ টার দিকে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা সড়কের রোয়াকুলি গ্রামের এই মর্মান্তিক ঘটনা ঘটে।

একটি চলন্ত ট্রাকের নিচে পড়ে মোটরবাইকে থাকা হাসান ঘটনাস্থলেই প্রাণ হারান। পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘনটাস্থল থেকে হাসানের লাশ উদ্ধার করে।

নিহত হাসান নওদাবন্ডবিল গ্রামের মৃত রহিম মন্ডলের ছেলে এবং ফরিদপুরের দোয়াপাড়ায় অবস্থিত এনআরবি ইট ভাটার মালিক।

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সৈয়দ আশিকুর রহমান জানান, উপজেলা রোয়াকুলি গ্রামে সন্ধ্যা রাতে একটি চলন্ত ট্রাকের নিচে পড়ে একজন নিহত হয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে ঘাতক ট্রাকটি আটক করা হয়েছে। চালক পালিয়ে গেছে। তবে তাকে আটকের চেষ্টা করা হচ্ছে।

প্রত্যক্ষদর্শিরা জানায়, নিহত হাসান মোটরবাইকে করে চুয়াডাঙ্গা থেকে আলমডাঙ্গায় বাড়ি ফিরছিলেন। মুন্সিগঞ্জ নিগার সিদ্দিক কলেজ পার হয়ে রোয়াকুলি গ্রামে ঢুকতে তার সামনে একটি ট্রাক পড়ে। হাসান ট্রাকটিকে ওভারটেক করতে গিয়ে না পেরে ট্রাকের নিচে পড়ে যান। এবং ট্রাকের নিচে পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তিনি নিহত হন।

পরে খবর পেয়ে আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের সদস্যরা গিয়ে নিহত

হাসানের মরদেহ ট্রাকের নিচ থেকে টেনে বের করেন।

সড়ক দূর্ঘটনায় হাসানের মর্মান্তিক নিহতের ঘটনায় তার বাড়ি নওদাবন্ডবিল গ্রামে শোকের ছায়া নেমে এসেছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা

আলমডাঙ্গা উপজেলা পর্যায়ে সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টার দিকে উপজেলা পরিষদ মিলনায়তনে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন সাবেক পৌর মেয়র উপজেলা লোকমোর্চার সভাপতি বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী।

প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী। বিশেষ অতিথি ছিলেন মেডিকেল অফিসার ডা: শারমিন আক্তার, প্রেসক্লাব সভাপতি ও লোকমোর্চার সাধারণ সম্পাদক খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম, দেশসেবা উন্নয়ন সংস্হার নির্বাহী পরিচালক সিরাজুল ইসলাম, কলেজিয়েট স্কুলের উপাধক্ষ শামিল রেজা।

স্বাগত বক্তব্য রাখেন প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্হার প্রকল্প সমন্বয়কারী ইউনুস আলী। প্রকল্প কর্মকর্তা রাজিস সালমানের পরিচালনায় বক্তব্য রাখেন মাঠ কর্মি আব্দুর রহমান প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি